দৈনিক ইত্তেফাক

JAN. 03 2002

তারিখ ...........................

পৃষ্ঠা ৩ ...... কলাম ...৮....

# আগামী মাসে ৬৪ জেলায় ইংরেজী শিক্ষাকেন্দ্র স্থাপিত হবে

বাসস ॥ শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক গত সোমবার, বলেছেন, ইংরেজী শিক্ষা সম্প্রসারণের উদ্দেশ্যে আগামী মাসে দেশের ৬৪টি জেলায় ৬৪টি ইংরেজী শিক্ষা কেন্দ্র স্থাপন করা হবে। ঢাকা কলেজের মিলনায়তনে কমিউনিকেটিভ ইংলিশ ফর টুডে শীর্ষক প্রশিক্ষণ কোর্স উদ্বোধনকালে শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার ইংরেজীকে দ্বিতীয় ভাষায় মর্যাদা দিয়েছে। কারণ মুক্ত অর্থনীতির বর্তমান যুগে ইংরেজীর গুরুত্ব ক্রমশই বাড়ছে।